উপজেলা পরিষদ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

বিষয় ঃ ফেব্রুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী ।

সভাপতি ঃ মোঃ শাহজাহান ভূইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
তারিখ ঃ ১৭-০২-২০২২
সময় ঃ সকাল ১১:০০ টা
স্থান ঃ সভাকক্ষ, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

উপস্থিত সদস্যবৃন্দকে নতুন বছরের স্বাগত শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরনী পাঠক্রমে সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

সভায় বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ :-

<table>
<tr><th>নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১</td><td>স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা বলেন, আমাদের দেশে করোনা ভাইরাসের প্রথম পর্যায়ে বড় ধরণের কোনো বিপর্যয় ঘটেনি। সেকেন্ড ওয়েভ পরিস্থিতিও নিয়ন্ত্রণে রয়েছে। নতুন কোভিড-১৯ ভ্যারিয়েন্ট ওমিক্রন বিশ্বব্যাপী বিস্তার হচ্ছে। আমাদের দেশেও এ ভাইরাসে আক্রান্ত রোগীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। কোভিড-১৯ ভ্যারিয়েন্ট ওমিক্রন ভাইরাস নিয়ন্ত্রণ ও বিস্তার রোধে সরকার কর্তৃক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা করা হয়েছে। অদ্যাবধি রূপগঞ্জ উপজেলায় করোনায় আক্রান্ত মোট ৫৩৪৮ জন, এর মধ্যে সুস্থ্য হয়েছে ৫২৬১ জন, মোট মৃত্যু ১৯ জন। করোনো ভ্যাকসিন এর ১ম ডোজ নিয়েছেন ৩,০১,৬৭২ জন এবং ২য় ডোজ নিয়েছেন ১,৪৬,৩৮৫ জন। যারা রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করেছেন তাদের সকলকে ভ্যাকসিন নেয়ার জন্য অনুরোধ জানান। ভ্যাকসিনের রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। কোভিড-১৯ এর পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে ভ্যাকসিন নেয়ার পাশাপাশি সকলকে শতভাগ স্বাস্থ্যবিধি গাইড লাইন অনুসরণ করার অনুরোধ করা হয়। অত:পর জানুয়ারি/২১ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিষয়</th><th colspan="2">সংখ্যা/তথ্য</th></tr>
<tr><td>১</td><td>কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সেবা</td><td colspan="2">৪১টি (চালু), সেবাপ্রাপ্ত- পু:- ১৩০৩৮ জন, মহিলাঃ ২৭৬৯৯ জন, মোটঃ ৪০৭৩৭ রেফার্ডঃ- ৩৯৮৬ জন</td></tr>
<tr><td>২</td><td>সিএসবিএ(মাঠ) সেবা</td><td colspan="2">মোট গর্ভবর্তী সেবাঃ ৫৭ জন, প্রসব সেবা: ০৫ জন, প্রসবোত্তর সেবা: ৪৯ জন, নবজাতক সেবা : ৪৯ জন রেফার্ড : ০৮জন, সিসিতে ডেলিভারী : ১২</td></tr>
<tr><td>৩</td><td>হাসপাতাল ইওসি সেবা</td><td colspan="2">এএনসিঃ ৭৪২ জন, রেফার্ডঃ- ০০ জন, জীবিত জন্ম ঃ ৪৩জন, মৃত জন্ম:- ০, পিএনসিঃ ৯৩জন। ভর্তি ঃ ৪৮, নরমাল ডেলিভারী: ৪০, অন্যান্য: ১, সিজারীয়ান ডেলিভারীঃ-৩, রেফার্ড: ০৪</td></tr>
<tr><td>৪</td><td>যক্ষা ও কুষ্ঠ সেবা</td><td colspan="2">মোট রোগীঃ ৭৮জন, পজেটিভ রোগী ঃ ৩৫জন, নেগেটিভ রোগী ঃ ১৩ জন,ফুসফুস বহির্ভূত ঃ ২২জন
পুনরায় আক্রান্ত ঃ ৪জন ,কফ পরীক্ষাঃ ৮১০জন</td></tr>
<tr><td>৫</td><td>এ আর আই রোগী সেবা</td><td>মোট মাঠ: ১৮৫৮ জন
নিউমোনিয়া নয় ঃ ১৬৮৯জন,
নিউমোনিয়া: ১৬৯জন, মারত্বক নিউমোনিয়া: ০,
রেফার্ড: ১৬৯ জন</td><td>হাসপাতাল: ১৩১জন
নিউমোনিয়া নয়ঃ১১৬জন
নিউমোনিয়াঃ-১১জন
মারাত্বক নিউমোনিয়াঃ ০৪
রেফার্ড: ০</td></tr>
</table>
</td><td>সেবার মান সন্তোষজনক পর্যায়ে রেখে কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতাকে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা</td></tr>
</table>

৬	ডায়রিয়া সেবা	মাঠ মোট রোগী ঃ ১৩৫০ জন পানি শূন্যতা নাই ঃ ১২২১জন অল্প পানি শুন্যতা ঃ ১২৯ জন মারাত্বক পানি শূন্যতা ঃ নাই	হাসপাতাল মোট রোগীঃ ৫৯জন পানি শুন্যতা নাই ঃ ০৪ জন অল্প পানি শূন্যতাঃ ০৫জন মারাত্বক পানিশূন্যতা ঃ ৫০জন
	জন্ম ও মৃত্যু	মোট জন্মঃ ১২২৫ পুরুষ ঃ ৬২৬ মহিলা ঃ৫৯৯	মোটমৃত্যুঃ ১৬৪ পুরুষ ঃ ৯৭ মহিলাঃ ৬৭
৮	চিকিৎসা প্রাপ্ত রোগী	বহিঃবিভাগ ঃ ১১০৩৯, জরুরী বিভাগঃ ৬৯১জন,আন্তঃবিভাগঃ ২৮৩জন,উপ- স্বাস্থ্য কেন্দ্র ঃ ৩২১৮জন	
৯	ইপিআই সেবা	কাজের সফলতাঃ- ১০০%	
১০	বেড অকোপেন্সি রেট	৮০.১৯% (৫০ শয্যা হিসাবে)	
১১	ভায়াস্ক্রিনিং/ক্যাম্প	২টি কমিউনিটি ক্লিনিকে ২৬৮, হাসপাতালে ২২১, মোট ৪৮৯ জন মহিলাকে জরায়ু ও স্তন ক্যান্সার পরীক্ষা করা হয়। এর মধ্যে ১জন পজেটিভ। যাকে বিএসএমএমইউতে বিনা মূল্যে চিকিৎসার জন্য রেফার করা হয়।	
১২	কমিউনিটি ক্লিনিক নির্মাণ তথ্যঃ-		প্রস্তাব প্রেরনকরাহইয়াছেঃ- ১।পরশি বাজার সিসির পুনঃনির্মাণ/স্থানান্তর প্রয়োজন। ২। রানীপুরা সিসি সংস্কার প্রয়োজন। ৩। কালাদী সিসি সংস্কার প্রয়োজন। ৪। দরিকান্দি সিসি (গোলাকান্দাইল) সংস্কার প্রয়োজন ৫। আধুরিয়া সিসি সংস্কার প্রয়োজন ৬। আতলাসপুর সিসি সংস্কার প্রয়োজন

দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

২	উপজেলা প্রকৌশল বিভাগ	পরিশিষ্ট-ক দ্রষ্টব্য		
৩	কৃষি বিভাগ	উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, চলতি রবি মৌসুমে ২৬৫ হেক্টর জমিতে সরিষার লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে। ২৩০ হেক্টর জমিতে সরিষা আবাদ করা হয়েছে। ১৩৫ হেক্টর জমির সরিষার কর্তন হয়েছে। কর্তন চলমান। রবি মৌসুমের সবজি কর্তন চলমান। ফলন সন্তোষজনক। চলতি রবি মৌসুমে বোরো ধানের ৫৭৫০ হেক্টর জমিতে লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে। ২৬০ হেক্টর জমিতে বীজতলা তৈরি করা হয়েছে।২৫০ হেক্টর জমিতে হাইব্রীড ও ৪১১০ হেক্টর জমিতে উফশী মোট ৪৩৬০হেক্টর জমিতে বোরো ধানের আবাদ করা হয়েছে। আবাদ চলমান। বৃহৎ সেচ প্রকল্পের পানি ছাড়া হয়েছে। ৪% হারে কৃষি ঋণ বিতরনের অগ্রগতির জন্য ব্যাংকের সাথে যোগাযোগ করা হয়েছে। রাসায়নিক সারের মজুদ স্বাভাবিক রয়েছে। বর্তমানে ২৯০ মেঃটন ইউরিয়া, ৭০ মেঃটন টিএসপি, ১২০ মেঃটন ডিএপি এবং ৫০ মেঃটন এমওপি সার মজুদ রয়েছে। বর্তমানে সারের কোনো সংকট নেই। মনিটরিং অব্যাহত রয়েছে।	মনিটরিং অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা
৪	মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, ২ ব্যাচ মৎস্যচাষীদের মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। নিয়মিত পুকুরপরিদর্শন ,মৎস্য চাষীদের পরামর্শ প্রদান ও বাজার পরিদর্শনসহ মাছের আড়ৎ ও বাজার মনিটরিং অব্যাহত আছে। পিরানহা ও আফ্রিকান মাগুর যাতে বাজারে বিক্রি না হয় এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টিতে জনপ্রতিনিধিসহ সকলের সহায়তা কামনা করছি। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা

৫	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রণিসম্পদ কর্মকর্তা জানান যে, জানুয়ারি /২০২২ মাসের কার্যবিবরণী সভায় উপস্থাপন করায়- ১। গাভীর কৃত্রিম প্রজনন- ১০১২টি ২। গবাদিপশুর টিকা প্রদান- ২৪৯০টি ৩। হাঁস-মুরগির টিকা প্রদান- ৫৯৬৯৭টি ৪। গবাদি পশুর চিকিৎসা প্রদান- ১৯৬৫টি ৫। হাঁস-মুরগির চিকিৎসা প্রদান- ২৭৩০০টি ৬। পোষা প্রাণির চিকিৎসা প্রদান- ১০টি ৭। উঠান বৈঠকের সংখ্যা- ০৪টি ৮। উঠান বৈঠকে অংশগ্রহনকারীর সংখ্যা- ৬৬জন তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে	কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেল্য প্রাণিসম্পদ কর্মকর্তা
৬	দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ	(ক) টিআর কর্মসূচি:- (১) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম পর্যায় উপজেলা পরিষদ ভিত্তিক উন্নয়ন খাতে- ১৮,০৬,৩১৮.৭৮ টাকার বিপরীতে ২৬টি প্রকল্প এবং ২য় পর্যায়ে ৩৬,১২,৬৩৭.৫৬ টাকার বিপরীতে ৩৮টি প্রকল্প চুড়ান্ত অনুমোদনের নিমিত্ত জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ বরাবর প্রেরণ করা হয়েছে। (২) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক উন্নয়ন খাতে-১ম ৪৯,৫৭,৬৬৬.৬৬ টাকার বিপরীতে ৫৭টি প্রকল্প ২য় পর্যায়ে ৯৯,১৫,৩৩৩.৩৩ টাকার বিপরীতে ১৩৪ টি প্রকল্প চুড়ান্ত অনুমোদনের নিমিত্ত জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ বরাবর প্রেরণ করা হয়েছে। (৩) টিআর কাঞ্চন: টিআর কাঞ্চন পৌরসভায় ১ম পর্যায়ে বরাদ্দকৃত ৩,৯২,৯১৪.১৪ টাকা দ্বারা ২টি প্রকল্পের কাজ চলমান আছে এবং ২য় পর্যায়ে ৭,৮৫,৮২৮.২৮ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে এবং প্রকল্প তালিকা প্রস্তুত চলমান। (৪) টিআর তারাব: টিআর তারাব পৌরসভায় ১ম পর্যায়ে বরাদ্দকৃত ৬,৩৫,৮৫৫.৭০ টাকা দ্বারা ১২টি প্রকল্প এর কাজ চলমান আছে এবং ২য় পর্যায়ে ১২,৭১,৭১১.৪ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে এবং প্রকল্প তালিকা প্রস্তুত চলমান। (খ)কাবিখা/কাবিটা কর্মসূচি:- (১) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক উন্নয়ন খাতে ১ম পর্যায়- ৩২,৭৫,৫৭০.৮৬ টাকা, ৬৯.৩১০১ মে:টন চাল, ৬৯.৩১০১ মে:টন গম বরাদ্দের বিপরীতে ২৭ টি প্রকল্প চুড়ান্ত অনুমোদনের নিমিত্ত জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ বরাবর প্রেরণ করা হয়েছে। (২) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক উন্নয়ন খাতে ৭৫,৫৮,৯২৪.০১ টাকা, ১৫৯.৯৪৪ মে:টন চাল, ১৫৯.৯৪৪ মে:টন গমের বিপরীতে ৬৩টি প্রকল্প চুড়ান্ত অনুমোদনের নিমিত্ত জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ বরাবর প্রেরণ করা হয়েছে। (গ) সেতু/কালভার্ট কর্মসূচি: (১) ২০২১-২০২২ অর্থ বছরে নিম্নে উল্লেখিত ২টি গার্ডার ও ৩টি বক্স সেতু/কালভার্ট এর কার্যাদেশ প্রদান করা হয়েছে। কাজ চলমান। (6628) গোলাকান্দাইল দক্ষিন বেড়ীবাধ সংলগ্ন এমারত হোসেনের বাড়ির পাশে খালের উপর গার্ডার ব্রীজ নির্মাণ। (6633) ঠাকুরবাড়িরটেক পোড়াব সংযোগ সড়কে খালের উপর গার্ডার ব্রীজ নির্মাণ। (6712) বেলদী হতে পলখান হাইওয়ে যাওয়ার রাস্তায় বৈলদা খালের উপর সেতু নির্মাণ। (6713) বেলদী হতে পলখান হাইওয়ে যাওয়ার রাস্তায় তিনওলোপ খালের উপর সেতু নির্মাণ। (6714) খৈশাইর বেড়ীবাধ সংলগ্ন বাবুলের বেকারীর উত্তর পার্শ্বে খালের উপর সেতু নির্মাণ। (ঘ) আশ্রয়ণ-২ প্রকল্প: মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্প এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিটা কর্মসূচির অধীনে "ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ 'ক' শ্রেণির পরিবারের জন্য গৃহ নির্মাণ" কর্মসূচি।	কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা